মেহেরপুরে সাংগঠনিক সফরে আসছেন এনসিপি’র কেন্দ্রীয় নেতৃবৃন্দ

আজ রবিবার সাংগঠনিক সফরে মেহেরপুর আসছেন ন্যাশনালিস্ট কনভেনশন পার্টি (এনসিপি)’র কেন্দ্রীয় যুগ্ম আহ্বায়ক জনাব সরোয়ার তুষার ও কেন্দ্রীয় মুখ্য সংগঠক (দক্ষিণাঞ্চল) জনাব মোল্যা রহামাতুল্লাহ। সফরকালে তাদের সঙ্গে থাকবেন কেন্দ্রীয় যুগ্ম মুখ্য সমন্বয়ক ও জেলা প্রধান সমন্বয়কারী অ্যাডভোকেট সাকিল আহমেদ এবং কেন্দ্রীয় সদস্য ও মেহেরপুরের অঞ্চল তত্ত্বাবধায়ক জনাব সোহেল রানা।

সফরসূচি অনুযায়ী, আজ রবিবার সকাল ১১টায় মেহেরপুর জেলা পরিষদ অডিটোরিয়ামে জেলা ও উপজেলা সমন্বয় কমিটির সদস্যদের নিয়ে সাংগঠনিক সভা ও রাজনৈতিক কর্মশালা অনুষ্ঠিত হবে। এ কর্মশালায় স্থানীয় নেতৃত্বকে সাংগঠনিক কর্মকৌশল ও রাজনৈতিক কার্যক্রমে অংশগ্রহণের বিষয়ে দিকনির্দেশনা প্রদান করা হবে। পরে বিকেল ৪টায় ঐতিহাসিক মুজিবনগর পর্যটন হোটেলে উঠান বৈঠক অনুষ্ঠিত হবে।

দলীয় সূত্র জানা গেছে, এ সফরের মূল লক্ষ্য হচ্ছে জেলা ও উপজেলা পর্যায়ের সাংগঠনিক কাঠামোকে শক্তিশালী করা, কর্মীদের মধ্যে পারস্পরিক সমন্বয় বৃদ্ধি করা এবং আসন্ন রাজনৈতিক কর্মসূচি সফল করার জন্য মাঠ পর্যায়ের নেতাকর্মীদের উদ্বুদ্ধ করা। এছাড়া স্থানীয় সমস্যাবলী ও দলীয় কার্যক্রমে উদ্ভূত সংকট নিরসনেও আলোচনা হবে বলে জানা গেছে।

নেতারা মনে করছেন, এই সফরের মাধ্যমে এনসিপি মেহেরপুরে নতুন উদ্দীপনা সৃষ্টি করবে এবং জেলার তৃণমূল পর্যায়ে দলকে আরও সুসংগঠিত করার সুযোগ তৈরি হবে। জেলা ও উপজেলা পর্যায়ের নেতাকর্মীরা কেন্দ্রীয় নেতৃত্বের এ সফরকে ঘিরে ইতোমধ্যেই ব্যাপক প্রস্তুতি গ্রহণ করেছেন।

শহীদ জিয়াউর রহমান গণতন্ত্র উদ্ধার করে বহুদলীয় গণতন্ত্রের প্রবর্তন করেন

আমরা চেয়েছিলাম এদেশ থেকে ফ্যাসিবাদ বিতাড়িত হোক, আমাদের দেশের মানুষ গণতন্ত্র ফিরে পাক। অন্তত আমাদের ভোটের অধিকারটা নিশ্চিত হোক। আমরা কোনো সন্ত্রাসবাদী দল নই। আমরা রাতের আঁধারে ক্ষমতা দখলের রাজনীতিতে বিশ্বাস করি না। আমরা রাতের আঁধারে ভোট চুরিতে বিশ্বাস করি না।

আজ শনিবার মেহেরপুর সরকারি কলেজে মাঠে জেলা বিএনপি’র সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে বিএনপির ভাইস চেয়ারম্যান অধ্যাপক নার্গিস বেগম এ কথা বলেন।

তিনি বলেন, শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান বাকশাল থেকে গণতন্ত্রকে উদ্ধার করে বহুদলীয় গণতন্ত্রের প্রবর্তন করেছেন। বেগম খালেদা জিয়া প্রেসিডেন্ট পদ্ধতি থেকে সংসদীয় গণতন্ত্র চালু করেছেনন। গণতন্ত্র প্রতিষ্ঠা যদি কেউ করে থাকে, সংস্কার যদি কেউ করে থাকে সেই দাবি শুধুমাত্র জাতীয়তাবাদী দল করতে পারে। আর কারো অধিকার নেই।

মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টনের সভাপতিত্বে সম্মেলনে প্রধান বক্তার বক্তব্যে জাতীয় নির্বাহী কমিটির সাংগঠনিক সম্পাদক অনিন্দ্য ইসলাম অমিত বলেন, আমাদের নেতা তারেক রহমানের ডাকে সাড়া দিয়ে কোটা সংস্কার আন্দোলনে শুধু সকল রাজনৈতিক দল নয়, এই সমাজের সকল শ্রেণী-পেশার মানুষ ওই ছাত্রদের সাথে কাঁধে কাঁধ মিলিয়ে গণঅভ্যুত্থান রচনা করেছিল। আজকে কি এমন ঘটল যে, গণঅভ্যুত্থানের এক বছরের মধ্যেই আমরা কৃতিত্ব দাবি করতে বা আগামী নির্বাচনে আমাদের কাঙ্ক্ষিত স্থানটি নিশ্চিত করতে গিয়ে ফ্যাসিবাদবিরোধী আন্দোলনের শক্তির মধ্যে বিভেদ রেখা টানতে চলেছি? ফ্যাসিবাদবিরোধী শক্তির মধ্যে যদি বিভেদ রেখা টানা যায়, যদি বিভেদ দেখা দেয়, লাভটি কার হয় সেটা নিশ্চয়ই সবাইকে বলে দেওয়ার প্রয়োজন নেই। লাভ হয় ওই শেখ হাসিনা, শেখ হাসিনার দোসর এবং যারা ফ্যাসিবাদের রচয়িতা তাদের।

সম্মেলনের উদ্বোধন করেন চেয়ারপার্সনের উপদেষ্টা পরিষদের সদস্য ও

বিএনপির খুলনা বিভাগীয় সম্মেলন প্রস্তুতি কমিটির সদস্য আমান উল্লাহ আমান।

উদ্বোধনকালে তিনি বলেন, ১৬ বছর বাংলাদেশ ছিল গণতন্ত্রহীন, মানবাধিকারহীন। বাংলাদেশে কোনো গণতন্ত্র ছিল না, একদলীয় শাসন ব্যবস্থা ছিল। দেশের ক্রান্তিকাল যখনই আসে, তখনই জিয়া পরিবারের আত্মত্যাগের মাধ্যমে সাধারণ মানুষ মুক্তি পায়। জিয়াউর রহমানের একাত্তরের স্বাধীনতার ঘোষণার মধ্য দিয়ে এদেশের মানুষ মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়েছিল। বেগম জিয়ার নেতৃত্বে স্বৈরাচার এরশাদের পতন হয়েছিল। সর্বশেষ তারেক রহমানের নেতৃত্বে ছাত্র-জনতার আত্মত্যাগের মধ্য দিয়ে ২৪ শে আমরা পেয়েছি নতুন বাংলাদেশ।

জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসানের সঞ্চালনায় সম্মেলনে বিশেষ বক্তা হিসেবে উপস্থিত ছিলেন, জাতীয় নির্বাহী কমিটির সহ-সাংগঠনিক সম্পাদক বাবু জয়ন্ত কুমার কুন্ডু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির যুগ্ম আহ্বায়ক মোঃ আমিরুল ইসলাম, ফয়েজ মোহাম্মদ, কুষ্টিয়া জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির আহ্বায়ক উদ্দিন আহমেদ, মাগুরা জেলা বিএনপির আহ্বায়ক কমিটির আহ্বায়ক
আলী আহমেদ, যশোর জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির আহ্বায়ক সৈয়দ সাবেরুল হক সাবু ও চুয়াডাঙ্গা জেলা বিএনপির আহবায়ক কমিটির আহ্বায়ক মাহমুদ হাসান খান বাবু।

এছাড়াও এসময় জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য মোঃ ইলিয়াস হোসেন, আলমগীর খান ছাতু, হাফিজুর রহমান হাফি, মীর ফারুক হোসেন, মোঃ আনছারুল হক, জেলা বিএনপির সদস্য সাবেক পিপি আবু সালেহ নাসিম, বাংলাদেশ শিক্ষক সমিতির মহাসচিব জাকির হোসেন, পৌর বিএনপির সভাপতি আব্দুল লতিব, সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টুসহ স্থানীয় বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

সম্মেলন শেষে বিনাপ্রতিদ্বন্দীতায় নতুন কমিটির সদস্যদের নাম ঘোষণা করা হয়।

মেহেরপুর জেলা বিএনপির নতুন সভাপতি মিল্টন, সাধারণ সম্পাদক কামরুল

১৭ বছর পর মেহেরপুর জেলা বিএনপির সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। সম্মেলন উপলক্ষে নির্বাচনের মাধ্যমে বিনা প্রতিদ্বদন্দীতায় জাভেদ মাসুদ মিল্টন সভাপতি ও অ্যাড. কামরুল হাসান সাধারণ সম্পাদক পদে নির্বাচিত হয়েছেন।

এছাড়া রোমানা আহমেদ, ওমর ফারুক লিটন, আখেরুজ্জামান সাংগঠনিক সম্পাদক হিসেবে নির্বাচত হয়েছে। আজ শনিবার মেহেরপুর সরকারি কলেজে মাঠে এ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সম্মেলন শেষে বিনাপ্রতিদ্বন্দীতায় নতুন কমিটির সদস্যদের নাম ঘোষণা করেন চেয়ারপার্সনের উপদেষ্টা পরিষদের সদস্য ও বিএনপির খুলনা বিভাগীয় সম্মেলন প্রস্তুতি কমিটির সদস্য আমানুল্লাহ আমান।

সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএনপির ভাইস চেয়ারম্যান অধ্যাপক নার্গিস বেগম। সম্মেলন উদ্বোধন করেন চেয়ারপার্সনের উপদেষ্টা পরিষদের সদস্য ও বিএনপির খুলনা বিভাগীয় সম্মেলন প্রস্তুতি কমিটির সদস্য আমান উল্লাহ আমান। প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সাংগঠনিক সম্পাদক অনিন্দ্য ইসলাম অমিত। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় নির্বাহী কমিটির সহ-সাংগঠনিক সম্পাদক বাবু জয়ন্ত কুমার কুন্ডু।

মেহেরপুর জেলা বিএনপি’র সম্মেলন শুরু

দীর্ঘ ১৭ বছর পর অনুষ্ঠিত হচ্ছে মেহেরপুর জেলা বিএনপি’র সম্মেলন। আজ শনিবার মেহেরপুর সরকারি কলেজ মাঠ প্রাঙ্গণে এ সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে। জাতীয় পতাকা, দলীয় পতাকা ও শান্তির প্রতীক পায়রা উড়িয়ে এ সম্মেলনের সূচনা হয়।

জেলা বিএনপি’র আহ্বায়ক জাবেদ মাসুদ মিল্টনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত আছেন, বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র ভাইস চেয়ারম্যান অধ্যাপক নার্গিস বেগম।

জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসানের সঞ্চালনায় অনুষ্ঠানের উদ্বোধন করেন, চেয়ারপার্সনের উপদেষ্টা কাউন্সিলের সদস্য ও খুলনা বিভাগ আহ্বায়ক, সম্মেলন প্রস্তুতি কমিটির সদস্য, সাবেক এমপি আমান উল্লাহ আমান।

প্রধান বক্তা হিসেবে উপস্থিত আছেন, জাতীয় নির্বাহী কমিটির সাংগঠনিক সম্পাদক অনিন্দ্য ইসলাম অমিত। বিশেষ বক্তা হিসেবে উপস্থিত ছিলেন, জাতীয় নির্বাহী কমিটির সহ-সাংগঠনিক সম্পাদক বাবু জয়ন্ত কুমার কুন্ডু। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত আছেন, সাবেক এমপি আমজাদ হোসেন।

জেলা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক মোঃ আমিরুল ইসলাম, ফয়েজ মোহাম্মদ, সদস্য আলমগীর খান ছাতু, হাফিজুর রহমান হাফি, ওমর ফারুক লিটন প্রমুখ।

মেহেরপুরে বিএনপির দু’পক্ষের সংঘর্ষে আহত ৬, জেলা সম্মেলন

আজ

মেহেরপুর সদর উপজেলার আমঝুপিতে স্থানীয় বিএনপির দুই পক্ষের মধ্যে সংঘর্ষে অন্তত ৬ জন আহত হয়েছেন। বিএনপির কমিটি গঠন ও এলাকায় আধিপত্য বিস্তারের বিরোধকে কেন্দ্র করে গতকাল শুক্রবার সন্ধ্যায় এ ঘটনা ঘটে। এর মধ্যেই আজ শনিবার জেলা বিএনপির সম্মেলন অনুষ্ঠিত হতে যাচ্ছে।

সংঘর্ষে জেলা বিএনপির সদস্য ওমর ফারুক লিটন পক্ষের মোস্তাফিজুর রহমান (৪৯) ও আমিনুল ইসলাম (৬৫) গুরুতর আহত হন। দু’জনেরই মাথায় জখম হওয়ায় চিকিৎসকরা সেলাই দিয়েছেন। আহত মোস্তাফিজুর রহমান আমঝুপি ইউনিয়ন বিএনপির ৬নং ওয়ার্ড সভাপতি। অপরদিকে সদর উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম পক্ষের রনি (২০), দেলোয়ার (৩৬), নাফিজ (১৯) ও শাওন (২৬) আহত হয়ে প্রাথমিক চিকিৎসা শেষে বাড়ি ফিরেছেন।

স্থানীয় সূত্রে জানা যায়, গতকাল শুক্রবার রাতে আমঝুপি কালিতলায় সাইফুল ইসলাম ও উমর ফারুক লিটন পক্ষের কয়েকজন মুখোমুখি হলে প্রথমে বাকবিতণ্ডা হয়। একপর্যায়ে তা সংঘর্ষে রূপ নেয়।

পরবর্তীতে উত্তেজিত সাইফুলপক্ষের কয়েকজন আমঝুপি বাজারে লিটনের অফিসে হামলা চালায়। এসময় লিটনপক্ষের আমিনুল ইসলাম ও মোস্তাফিজুর রহমানকে রড দিয়ে পিটিয়ে গুরুতর জখম করা হয়।

এ বিষয়ে মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) মেজবাহ উদ্দীন জানান, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে যায় এবং পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। বর্তমানে গ্রামে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

তিনি বলেন, “যারা এ ঘটনায় জড়িত তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।”

এদিকে আজ শনিবার মেহেরপুর সরকারি কলেজ মাঠে জেলা বিএনপির সম্মেলন অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। সম্মেলন ঘিরে জেলা বিএনপি প্রস্তুতি শেষ করেছে। তবে সম্মেলনের আগের দিন এমন সংঘর্ষের ঘটনায় নেতাকর্মীদের মধ্যে উত্তেজনা ছড়িয়ে পড়েছে।

কাঁচা মরিচের দাম কমলেও বেড়েছে সবজি-মাছের দাম

মেহেরপুরের পাইকারি ও খুচরা বাজারে গত সপ্তাহের তুলনায় সবজি, মুরগি ও মাছের দামে ওঠানামা দেখা গেছে। বর্ষার কারণে বাজারে সরবরাহ কমে যাওয়ায় বেশ কিছু নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম বেড়েছে বলে জানিয়েছেন ব্যবসায়ীরা।

পাইকারি বাজারে গত সপ্তাহের তুলনায় আলুর দাম কমে কেজি ১৭ টাকায় নেমেছে, যা গত সপ্তাহে ছিল ২০ টাকা। পেঁয়াজ গত সপ্তাহে ৭০ থাকলেও এ সপ্তাহে বেড়ে ৮০ টাকা। রসুনের দাম ৮০ টাকা থেকে বেড়ে ১৩০ টাকা। কাঁচামরিচ ১৬০ থেকে নেমে ১০০ টাকায়। বেগুন ৭০ টাকা কেজিতে অপরিবর্তিত রয়েছে। আদার দাম বেড়ে ১৭০ টাকা, যা গত সপ্তাহে ছিল ১৬০ টাকা। তবে শশার দাম ৭০ টাকায় স্থিতিশীল রয়েছে।

মুরগির মধ্যে ব্রয়লার মুরগির পাইকারি দাম কমে ১৬০ হয়েছে, যা গত সপ্তাহে ছিল ১৭০ টাকা, সোনালী মুরগির দাম কমে ২৬০ টাকা হয়েছে, যা গত সপ্তাহে ছিলে ২৭৫ টাকা এবং লেয়ার মুরগি কেজি ২৮৫ টাকায় অপরিবর্তিত রয়েছে।

খুচরা বাজারে আলুর দাম ২০ টাকায় স্থিতিশীল। পেঁয়াজ ৭০ টাকা থেকে বেড়ে ৮০ টাকায়, রসুন ৭০ থেকে বেড়ে ১৪০ টাকায়, কাঁচা মরিচ ১৮০ থেকে ১২০ টাকায় নেমেছে। তবে শশার দাম ৭০ থেকে বেড়ে ৮০ টাকায় বিক্রি হয়েছে।
পটল, ঢেঁড়স, কলা ও পেঁপের দাম স্থিতিশীল থেকে যথাক্রমে ৬০, ৫০, ৬০ ও ৩০ টাকায় বিক্রি হয়েছে। আদার দাম ২০০ থেকে বেড়ে ২২০ টাকায় উঠেছে।

মুরগির খুচরা বাজারে ব্রয়লার কমে ১৮০ টাকায় বিক্রি হয়েছে যা গত সপ্তাহে ছিল ১৯০ টাকা, সোনালী মুরগির দাম কমে ২৮০ টাকা যা গত সপ্তাহে ছিলে ৩০০ টাকা এবং লেয়ার মুরগির দাম ৩১০ টাকায় স্থিতিশীল থেকে বিক্রি হয়েছে।

মাছের বাজারে রুই ২৫০, তেলাপিয়া ১৮০, বাটা ২০০, পাঙাশ ১৬০,

সিলভার ১৫০, জিওল ৩৫০, চিংড়ি ১১০০, টেংরা ৮৫০ এবং ইলিশ ৭০০-২৮০০ টাকা পর্যন্ত বিক্রি হয়েছে।

ছাগলের মাংস শুক্রবারে শুরুর দিকে ১০০০ টাকায় বিক্রি হলেও বেচা কেনা কম হওয়ায় ৯০০ টাকায় বিক্রি হয়েছে। গরুর মাংস সর্বদা ৭৫০ টাকায় অপরিবর্তিত।

মাছ বিক্রেতা নাহিদ বলেন, আমদানি কম হওয়ার কারণে মাছের দাম গত সপ্তাহের তুলনায় একটু বেশি।

সবজি বিক্রেতা হাফিজুর রহমান বলেন, গত কয়েক সপ্তাহ সবজির দাম প্রায় একই রকম আছে, আমদানি কম হওয়ার কারণে দাম একটু ওঠানামা করছে। অতিরিক্ত বৃষ্টি এই আমদানি কমের মূল কারণ।

সবজি বিক্রেতা মোঃ মহির উদ্দিন বলেন, গত সপ্তাহের তুলনায় এ সাপ্তাহে শুধু কাচা মরিচের দাম কমেছে বাকি সব একই আছে। দাম বেশি থাকার কারণে ক্রেতারা বাজারে আসছেন না তাই আশানুরূপ বেচা-কেনা হচ্ছে না। সবজি বিক্রেতা মোঃ নবাব বলেন, বৃষ্টি এবং জিনিসপত্রের দাম বেশি হওয়ায় বেচা-কেনা কম। অনেক ক্ষেত্রে বৃষ্টি কারণে গ্রাম থেকে সবজি গাড়ি করে আনা যায় না।

মুরগি বিক্রেতা রিপন বলেন, গত সপ্তাহের তুলনায় এই সপ্তাহে সব ধরনের মুরগীর দাম ১০ টাকা করে কমেছে, তবে লেয়ার মুরগির দাম একই আছে। দাম কমলে ক্রেতা ও আমাদের উভয়েরই সুবিধা হয়। ক্রেতারা বেশি করে কিনতে পারেন।

ক্রেতারা অভিযোগ করেছেন, দিনমজুর ও নিম্ন আয়ের মানুষদের জন্য এভাবে প্রতিদিন দাম ওঠানামা খুবই কষ্টকর এবং সংসার চালানো হুমকির মুখে।

সবজি ক্রেতা কৃষ্ণ দাস সাহা বলেন, গত সপ্তাহের তুলনায় কাঁচা মরিচের দাম কমলেও অন্যান্য সবজিতে ১০-২০ টাকা করে কম বেশি রয়েছে।

সবজি ক্রেতা লিজন বলেন, সবকিছুর দাম এতোই বেড়েছে যে ৫০০ টাকার বাজারে ২ দিনও চলে না। গত সপ্তাহে যে রসুন ৮০ টাকায় কিনলাম এই সপ্তাহে ১৪০ টাকা টাকায় কিনতে হচ্ছে।

সবজি ক্রেতা বুজাইফা বলেন, এখন বাজারে প্রতিদিনই দাম ওঠানাম করছে। গত সপ্তাহে যে সবজি কম দামে কিনেছি, এই সপ্তাহে তার দাম বেড়েছে। এতে আমাদের মতো সাধারণ ক্রেতাদের কষ্ট হচ্ছে।

মেহেরপুর তহ বাজারের সভাপতি হাফিজুর রহমান হাফি বলেন, বর্তমানে কাঁচামালের বাজার নিয়ন্ত্রণে, গত সপ্তাহে যে কাঁচা মরিচ ১৭০ টাকা ছিল, এই সপ্তাহে ওই কাঁচা মরিচ ৯৫ টাকা। আর অন্যান্য সবজিগুলোর মধ্যে সবগুলোর দাম মোটামুটি স্বাভাবিক। কিছু কিছু সবজি বৃষ্টির কারণে আমদানি কম হওয়ায় দাম একটু বেশি আবার কিছু সবজির দাম কম।

তিনি আরও বলেন, গত সপ্তাহের তুলনায় এই সপ্তাহে কিছু সবজির বাজার দাম তুলনামূলক কম। কাঁচামালের দাম সাধারণত আমদানি রপ্তানির উপর নির্ভর করে। আমদানি স্বাভাবিক থাকলে দাম স্বাভাবিক থাকে। বর্তমানে কিছু কাচাঁমালের আমদানি স্বাভাবিক থাকায় সেগুলোর দাম স্বাভাবিক রয়েছে আর বাকি গুলোর সামান্য অস্বাভাবিক রয়েছে।

মেহেরপুর জেলা বিএনপির সম্মেলন আজ

১৭ বছর পর বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি’র মেহেরপুর জেলা শাখার সম্মেলন আজ শনিবার অনুষ্ঠিত হবে। সকাল ১০টায় মেহেরপুর সরকারি কলেজ মাঠে এই সম্মেলনের আয়োজন করা হয়েছে। সম্মেলন শেষে ভোটের মাধ্যমে জেলা কমিটি গঠণ করার কথা থাকলেও সবকটি পদে বিনা প্রতিদ্বন্দীতায় নির্বাচিত হয়ে গেছেন। ফলে শুধু আনুষ্ঠানিক ঘোষণার বাকি রয়েছে।

সভাপতি পদে জাভেদ মাসুদ মিল্টন, সাধারণ সম্পাদক অ্যাড. কামরুল হাসান, সাংগঠনিক সম্পাদক পদে আখেরুজ্জামান, ওমর ফারুক লিটন ও রোমানা আহমেদ বিনা প্রতিদ্বন্দীতায় নির্বাচিত হয়েছেন।

দলীয় সূত্র জানায়, সম্মেলনের প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিএনপি’র ভাইস চেয়ারম্যান অধ্যাপক নার্গিস বেগম। উদ্বোধন করবেন জাতীয় নির্বাহী কমিটির সদস্য ও ঢাকা মহানগর উত্তর বিএনপি’র সহ-সভাপতি সাবেক সংসদ সদস্য আমান উল্লাহ আমান।
প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখবেন জাতীয় নির্বাহী কমিটির সাংগঠনিক সম্পাদক অনিন্দ্য ইসলাম অমিত। বিশেষ বক্তা থাকবেন সহ-সাংগঠনিক সম্পাদক জয়ন্ত কুমার কুন্ডু।

এছাড়া অতিথি হিসেবে অংশ নেবেন বিএনপি’র জাতীয় নির্বাহী কমিটির সদস্য ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন, সাবেক সংসদ সদস্য আমজাদ হোসেন এবং জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান।

সম্মেলনের সভাপতিত্ব করবেন জেলা বিএনপি’র আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন। আয়োজকরা জানিয়েছেন, জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের বিএনপি এবং অঙ্গ-সহযোগী সংগঠনের নেতাকর্মীরা এতে যোগ দেবেন।

মেহেরপুরে জমি বিক্রি করায় ৩০টি আমগাছ কেটে ফেলার অভিযোগ

মেহেরপুর সদর উপজেলার পৌর কলেজ সংলগ্ন ঝাউবাড়িয়া সড়কে জমি বিক্রির জেরে ৩০টি আমগাছ ও ৩টি কলাগাছ কেটে ফেলার অভিযোগ উঠেছে। এ ঘটনায় মোঃ জাহাঙ্গীর হোসেন (৩২) মেহেরপুর সদর থানায় একটি এজাহার দায়ের করেছেন।

এজাহারে বলা হয়, ১৯ আগস্ট ২০২৫ তারিখে মেহেরপুর সদর সাব-রেজিস্ট্রি অফিসের দলিল নং-৪৯২৬/২০২৫ মূলে বাবু নামের এক ব্যক্তির জমি ডাঃ মোঃ মাহফুজ্জামানের কাছে বিক্রি হয়। এ জমি বিক্রিতে মধ্যস্থতা করেন এজাহারকারী জাহাঙ্গীর হোসেন।

এ অভিযোগে বলা হয়, জমি বিক্রির পর ২৮ আগস্ট সন্ধ্যায় শামীম, জহিরুল ইসলাম বাবু, ফজলুল হক, ডিটুসহ অজ্ঞাতনামা কয়েকজন জাহাঙ্গীর হোসেনের বাড়িতে গিয়ে তাকে হত্যার হুমকি দেয় এবং তার বাগানের গাছ কাটার হুমকি দেয়। পরদিন ২৯ আগস্ট সকালে জাহাঙ্গীর হোসেন তার বাগানে গিয়ে দেখেন রাতের মধ্যে তার বাগানের প্রায় ৩০টি আমগাছ ও ৩টি কলাগাছ কেটে ফেলা হয়েছে। এতে আনুমানিক ২ লাখ টাকার ক্ষতি হয়েছে বলে তিনি অভিযোগ করেন।

এ বিষয়ে মেহেরপুর সদর থানায় অভিযোগ দায়ের করেছেন জাহাঙ্গীর হোসেন। অভিযোগ পেয়ে সদর থানা পুলিশের একটি দল ঘটনাস্থল পরিদর্শন করেছেন।

মেহেরপুরে জেলা বিএনপি’র সম্মেলন উপলক্ষে প্রস্তুতি সভা

আগামী ৩০ আগস্ট মেহেরপুর জেলা বিএনপি’র সম্মেলন সফল করতে জেলা বিএনপি কার্যালয়ে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান সভাপতিত্ব করেন।

সভায় আরও উপস্থিত ছিলেন, যুগ্ম আহ্বায়ক ও সদর উপজেলার সভাপতি ফয়েজ মোহাম্মদ, জেলা বিএনপি’র সদস্য ইলিয়াস হোসেন, আলমগীর খান ছাতু, ওমর ফারুক লিটন, সদর উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক সাধারণ সম্পাদক সাইদুর রহমান। পৌর বিএনপি’র সভাপতি আব্দুল লতিফ ও সাধারণ সম্পাদক এহান উদ্দিন মনা, স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমল হোসেন মোল্লা মিন্টু।

এছাড়াও উপস্থিত ছিলেন, সাবেক সদর থানা যুবদল সভাপতি মোহাম্মদ নাসির উদ্দিন, জেলা শাখা শহীদ জিয়া স্মৃতি সংসদের সাধারণ সম্পাদক নাজমুল ইসলামসহ জেলার বিভিন্ন প্রান্ত থেকে আগত নেতাকর্মীরা।

প্রস্তুতি সভায় বক্তারা বলেন, আগামী ৩০শে আগস্ট জেলা বিএনপি’র সম্মেলনকে ঘিরে বিএনপি নেতাকর্মীদের মধ্যে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা বিরাজ করছে। তারা সম্মেলনকে সফল করতে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান।

মেহেরপুর বড়বাজারে ট্রাকের ধাক্কায় ট্রলি চালক আহত,

সৌখিন গার্মেন্টস ক্ষতিগ্রস্ত

মেহেরপুর বড় বাজারে ট্রাকের ধাক্কায় একটি ট্রলি নিয়ন্ত্রণ হারিয়ে সড়কের পাশের সৌখিন গার্মেস্টসে ঢুকে পড়ে। এতে ট্রলি চালক গুরুতর আহত হন।

গতকাল বৃহস্পতিবার আনুমানিক দুপুর ৩ টাই এই সড়ক দুর্ঘটনা ঘটে। প্রত্যক্ষদর্শীরা জানান, কাথুলী বাসস্ট্যান্ড অতিক্রম করে বাজারে আসে ট্রলিটি, একই দিক থেকে দ্রুতগামী একটি ট্রাক ট্রলিটিকে ধাক্কা দিলে চালক নিয়ন্ত্রণ হারান এবং ট্রলিটি সোজা গিয়ে সৌখিন গার্মেস্টসে উঠে যায়।

ট্রলির একজন কর্মী বলেন, আমরা কাথুলী বাসস্ট্যান্ডের দিক থেকে আসছিলাম। ট্রাক হর্ন দেয়, আমরা সাইড দিই তারপরও ট্রাক আমাদের ট্রলি অতিক্রম করার সময় পেছন থেকে ধাক্কা দেয়। তারপর ট্রলি চালক নিয়ন্ত্রণ হারিয়ে গার্মেন্টসের ভেতরে ঢুকে যায়। আহত ট্রলি চালককে স্থানীয়রা উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করেন।

সৌখিন গার্মেন্টসের মালিক বলেন, আমি দোকানের ভিতরে বসে আছি তারপর দেখি ট্রাকটি ট্রলিকে ধাক্কা দেয়, ট্রলিটি আমার দোকানের ভিতরে ঢুকে যাই আমি ভয়ে ভেতরের দিকে লাফ দিই। এতে আমার দোকানের অনেক ক্ষয়ক্ষতি হয়।

দুর্ঘটনার কারণে বড়বাজার এলাকায় কিছু সময়ের জন্য যান চলাচল ব্যাহত হয়।